


## ভূমিকা ও প্রেক্ষাপট

- বাংলাদেশের নারী-পুরুষের অনুপাত প্রায় ৫০ : ৫০।
- ৬৮% মানুষ গ্রামে বাস করেন।
- গ্রামে বসবাসকারীদের প্রায় ৬০-৭০% নারী বিভিন্ন ধরনের কৃষি কাজের সাথে জড়িত।

তবুও বাংলাদেশে নারী কৃষকের স্বীকৃতি একটি অমীমাংসিত সমস্যা









## নারী কৃষকের স্বীকৃতি না থাকলে কি হয়?

- সকল সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হয়।
- সামাজিক ও অর্থনৈতিক ন্যায়বিচার থেকে বঞ্চিত হয়।
- অসমতা ও অবমূল্যায়ন হয়।
- ক্ষমতায়নের পথ রুদ্ধ হয়।



## উপকূলীয় প্রেক্ষাপট

- বাংলাদেশের উপকুলীয় অঞ্চল যা দেশের প্রায় এক-তৃতীয়াংশ
- জনসংখ্যার প্রায় ২৮%

(১ কোটি ২০ লক্ষ) মানুষের আবাস

- জলবায়ু পরিবর্তনের সর্বাধিক ঝুঁকিপূর্ণ এলাকা।



## নারী কৃষকদের জীবনযাত্রার বাস্তবতা

- উপকূলীয় অঞ্চলে নারী কৃষকরা জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাবে চরমভাবে ক্ষতিগ্রস্ত
- তাদের চর্ম ও প্রজনন স্বাস্থ্যের ঝুঁকি দিন দিন বৃদ্ধি পাচ্ছে
- সরকারি বাজেটে কৃষিতে নারীর অংশগ্রহণ বৃদ্ধির জন্য কিছু বরাদ্দ থাকলেও এই বরাদ্দের অধিকাংশই উপকূলীয় নারী কৃষকদের কাছে সরাসরি পৌঁছায় না।
- তারা লবণসহিষ্ণু ধান ও সবজি চাষ, উঁচু বেডে সবজি উৎপাদন, বৃষ্টির পানি সংরক্ষণ, ছাদের বাগান ইত্যাদি কাজে বেশি সময় ব্যয় করেন।

## চ্যালেঞ্জ

- কৃষি জমিতে মালিকানা না থাকা বা কম থাকা।
- শ্রমের স্বীকৃতি না থাকা।
- ঋণ ও অন্যান্য সুবিধা না পাওয়া।
- জলাবদ্ধতা।
- লবনাক্ততা।
- সেচের পানির সংকট।
- বাজারের সাথে যুক্ত হতে না পারা।
- মেন্টরিং এর অভাব।



## আমাদের দাবিসমূহ

- নারী কৃষকের স্বীকৃতি দেওয়া।
- জলবায়ু-সহনশীল কৃষি প্রকল্পগুলো ব্যবহারের ক্ষেত্রে নারী কৃষকদের যৌথ মালিকানা বা দীর্ঘমেয়াদী ইজারা দেয়া।
- উপকূলীয় এলাকায় কৃষি ও পানীয় জলের জন্য বৃষ্টির পানি সংরক্ষণ কাঠামো, কমিউনিটি ট্যাংক এবং সৌরশক্তি চালিত বিশুদ্ধকরণ প্লান্ট নির্মাণে জাতীয় বাজেটে অগ্রাধিকার দেওয়া।
- জলবায়ু অভিযোজন প্রকল্পের মাধ্যমে বিকল্প সেচ প্রযুক্তি (যেমনঃ ড্রিপ ইরিগেশন) স্থাপনে সহায়তা করা।



## আমাদের দাবিসমূহ

- লবণাক্ততা প্রতিরোধে নদী বা খালের স্লুইস গেট রক্ষণাবেক্ষণে নারী কৃষকদের যুক্ত করা।
- বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (BCCTF) এবং অন্যান্য আন্তর্জাতিক সবুজ তহবিল থেকে নারী কৃষকদের জন্য ন্যূনতম ২০% তহবিল বরাদ্দ রাখা।
- জলবায়ু ঝুঁকিপূর্ণ অঞ্চলে নারী কৃষকদের জন্য শূন্য বা নামমাত্র সুদে 'জলবায়ু-সহনশীল কৃষি ঋণ' চালু করা।
- কৃষি যন্ত্রপাতি ক্রয়ে নারী কৃষকদের জন্য উচ্চহারে ভর্তুকি নিশ্চিত করা।




ধন্যবাদ